



9023 - কটে যদি ভুলবশত ওয়ু ছাড়া নামায পড়ে তাহলে নামাযটি পুনরায় আদায় করা তার উপর ওয়াজবি

---

প্রশ্ন

আমি কখনও কখনও নামাযের পরে বুঝতে পারি যি, আমি ওয়ু ছাড়া নামায পড়ছি। এক্ষেত্রে আমি কি ওয়ু করে নতুনভাবে নামায পড়ব?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

হ্যাঁ; আপনার উপর ওয়াজবি হল ওয়ু করে পুনরায় নামায আদায় করা। আলমেগণ এ অভিমতের উপর ইজমা (মতকৈয়) করছেন। কারণ পবিত্রতা হচ্ছে নামায শুদ্ধ হওয়ার শর্ত। এর দলিল হচ্ছে— নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: “তোমাদের কারণে যদি ওয়ু ভেঙে যায় তাহলে ওয়ু করার আগ পর্যন্ত আল্লাহ তার নামায কবুল করেন না।”[সহি বুখারী (৬৯৫৪) ও সহি মুসলিম (২২৫)]

আব্দুল্লাহ বনি উমর (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনছি, তিনি বলেন: “পবিত্রতা ছাড়া কোন নামায কবুল করা হয় না।”[সহি মুসলিম (২২৪)]

ইমাম নববী ‘আল-মাজমু’ গ্রন্থে (২/৭৯) বলেন:

“ওয়ু-নাই এমন ব্যক্তির জন্য নামায পড়া হারাম মরম্মে আলমেগণ ইজমা (মতকৈয়) করছেন। তারা এ মরম্মেও ইজমা করছেন যে, এমন ব্যক্তির নামায শুদ্ধ হবে না; চাই সে তার ওয়ু না থাকা সম্পর্কে অবগত থাকুক, কথিবা অজ্ঞ হোক, কথিবা ভুলে গিয়ে থাকুক। তবে সে যদি অজ্ঞ হয় কথিবা ভুলে গিয়ে থাকে তাহলে তার কোন গুনাহ হবে না। আর যদি তার ওয়ু না-থাকার বিষয়টি এবং ওয়ু ছাড়া নামায পড়া হারাম হওয়ার বিষয়টি জানেও তা করে তাহলে সে জঘন্য গুনাতে লিপ্ত হল।”[সমাপ্ত]

আল্লাহই সর্বজ্ঞ।